

...

সভাপতি	মোঃ আজহারুল আমিন অতিরিক্ত পরিচালক
সভার তারিখ	০৮/০৯/২০২১ খ্রিঃ
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	বিএলআরআই এর প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযুক্তি-০১ অনুযায়ী

গত ০৮/০৯/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত সভার কার্যবিবরণী

গত ০৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বিএলআরআই এর অতিরিক্ত পরিচালক মোঃ আজহারুল আমিন এর সভাপতিত্বে এই ইনস্টিটিউটের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে এপিএ মূল্যায়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	মোহাম্মদ লুৎফুল হক	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ	পিএসও	স্বাক্ষরিত
০৩।	মোঃ আশরাফুল ইসলাম	নির্বাহী প্রকৌশলী	স্বাক্ষরিত
০৪।	মোঃ রেজাউল হাই রাকিব	এসএসও	স্বাক্ষরিত
০৫।	ড. সাবিহা সুলতানা	এসটিও	স্বাক্ষরিত
০৬।	মোঃ আল-মামুন	লাইব্রেরিয়ান	স্বাক্ষরিত
০৭।	দেবজ্যোতি ঘোষ	তথ্য কর্মকর্তা	স্বাক্ষরিত
০৮।	মোঃ এনামুল হক খন্দকার	হিসারব রক্ষণ কর্মকর্তা (অ: দা:)	স্বাক্ষরিত


সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্য সূচি অনুযায়ী কমিটির সদস্য মোঃ রেজাউল হাই রাকিব, এসএসও ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ পরিকল্পনার বর্তমান অগ্রগতি সম্পর্কে উপস্থাপন করেন; এর পাশাপাশি পরিকল্পনার যে সকল দ্রুত সম্পন্ন করতে হবে সে সকল বিষয়ে উপস্থাপন করেন। এপিএ পরিকল্পনা বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যাবলি সম্পন্ন করার নির্দেশনা দেন সভাপতি। সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত বা সুপারিশসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	এপিএ পরিকল্পনায় গবেষণার পাশাপাশি গবেষণা প্রবন্ধ এবং জার্ম গ্লাজমের পাশাপাশি প্রকাশনাকে অন্তর্ভুক্ত করা যায় কিনা এ বিষয়ে নীতিগত সিদ্ধান্তের জন্য বিএলআরআই এর উর্ধ্বতন কর্মকর্তাদের সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	এপিএ কমিটির সদস্য সচিব

০২	দ্রুত নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	নৈতিকতা কমিটি
০৩	অক্টোবর, ২০২১ এর মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশিক্ষণ বিভাগ
০৪	আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ এর মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনা (প্রকল্প এবং রাজস্ব) ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিস্টেম এনালিস্ট/লাইব্রেরিয়ান
০৫	এপিএ পরিকল্পনায় অন্তর্ভুক্ত বার্ষিক প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উপসচিব-১ এর সাথে যোগাযোগ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব/এপিএ কমিটি

আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আজহারুল আমিন

অতিরিক্ত পরিচালক


স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.২০৭.০৬.০০১.১৮.৬২

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

০৪ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) উর্ধ্বতন প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৫) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) তথ্য কর্মকর্তা, প্রকাশনা ও জনসংযোগ শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) প্রকিউরমেন্ট কর্মকর্তা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৯) পিএ, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট



মোঃ আল-মামুন

লাইব্রেরিয়ান